২৭/৮/২০০৭

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১০ কলাম ৬

শিক্ষক সমিতির বিবৃতি

# বেসরকারি শিক্ষকদের বেতন আবার অনিশ্চিত হয়ে পড়ছে

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ কামরুজ্জামান ও সাধারণ সম্পাদক চৌধুরী খুরশীদ আলম এক বিবৃতিতে বলেছেন, বেসরকারি শিক্ষক কর্মচারীদের বেতনের সরকারি অংশ নিয়মিত দেওয়ার পরিবর্তে দীর্ঘ সময় ধরে না দেওয়ার নিয়ম চালু হতে যাচ্ছে। বেসরকারি শিক্ষকদের মে মাসের বেতনের সরকারি অংশ সবেমাত্র দেওয়া হচ্ছে। জুন ও জুলাই মাসের বেতন কবে দেওয়া হবে তা এখনো অনিশ্চিত। অথচ সরকারি শিক্ষকসহ সকল সরকারি কর্মচারীরা নিয়মিত বেতন পাচ্ছেন। এমনিতেই বেসরকারি শিক্ষকরা স্কুল থেকে নিয়মিত বেতন পান না।

বিবৃতিতে তারা অনতিবিলম্বে বেসরকারি শিক্ষক কর্মচারীদের জুন ও জুলাই মাসের বেতনের সরকারি অংশ প্রদানের জন্য তত্ত্বাবধায়ক সরকারের কাছে দাবি জানান।